



যুদ্ধবিরতি ভঙ্গের অভিযোগ, মার্কিন যুদ্ধজাহাজে ইরানের হামলা



সংগৃহীত ছবি

যুদ্ধবিরতি লঙ্ঘন করে ইরানের কেশম দ্বীপসহ কয়েকটি বেসামরিক এলাকায় যুক্তরাষ্ট্র বিমান হামলা চালিয়েছে বলে অভিযোগ তুলেছে তেহরান। ইরানের খাতাম আল-আম্বিয়া সেন্ট্রাল হেডকোয়ার্টার্স জানিয়েছে, এই হামলায় যুক্তরাষ্ট্রকে কয়েকটি আঞ্চলিক দেশ সহায়তা করেছে। তবে কোন দেশ জড়িত ছিল, তা প্রকাশ করা হয়নি। ইরানি সামরিক বাহিনীর দাবি, মার্কিন হামলায় একটি ইরানি তেলবাহী জাহাজও লক্ষ্যবস্তুতে পরিণত হয়। এর জবাবে পরিচালিত পাল্টা অভিযানে মার্কিন যুদ্ধজাহাজ ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছে তারা। একই সঙ্গে ভবিষ্যতে যেকোনো হামলার কঠোর জবাব দেওয়ার ইশিয়ারিও দিয়েছে তেহরান।

আইআরজিসির নৌ ইউনিট জানিয়েছে, প্রতিক্রিয়ামূলক অভিযানে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র, জাহাজবিধ্বংসী ক্রুজ মিসাইল ও বিস্ফোরকবাহী ড্রোন ব্যবহার করা হয়েছে। যদিও যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) দাবি করেছে, আত্মরক্ষার্থে তারা পাল্টা ব্যবস্থা নিয়েছে এবং মার্কিন বাহিনীর কোনো ক্ষতি হয়নি। এদিকে ইরানের রাষ্ট্রীয় ঘনিষ্ঠ সংবাদমাধ্যমগুলোর খবরে বলা হয়েছে, কেশম দ্বীপ, বন্দর আব্বাস ও মিনাব এলাকায় বিস্ফোরণের শব্দ শোনা গেছে। তাসনিম নিউজের এক জ্যেষ্ঠ সূত্রের দাবি, হামলার পর মার্কিন নৌবাহিনীর কয়েকটি ডেস্ট্রয়ার ওমান উপসাগরের দিকে সরে যায়।